# প্রজ্ঞাপন

তারিখ, ১৬ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/ ৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৭২-আইন/আয়কর/২০০৯।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত শর্তে, নিম্নে উল্লিখিত খাতে নূতন স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের, অতঃপর উক্ত শিল্প প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস (reduction) করিয়া নিম্নবর্ণিত হার নির্ধারণ করিল, যথাঃ-

(ক) উক্ত শিল্প প্রতিষ্ঠান ১লা জুলাই, ২০০৯ইং হইতে ৩০শে জুন, ২০১২ইং তারিখের মধ্যে স্থাপিত হইতে হইবে;

(খ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এর অধীনে নিবন্ধিত হইতে হইবে যাহার খাতগুলি যথাক্রমে, এগ্রো প্রসেসিং শিল্প (ফল প্রক্রিয়াজাতকারী শিল্প প্রতিষ্ঠান, বেবিকর্ণ প্যাকেটজাতকারী শিল্প প্রতিষ্ঠান, ফলের জুস প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান, রাবার হইতে পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান), টেক্সটাইল শিল্প প্রতিষ্ঠান, স্পিনিং শিল্প প্রতিষ্ঠান, টেক্সটাইল মেশিনারিজ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, গার্মেন্টস উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, গার্মেন্টস শিল্পের ফরোয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্প প্রতিষ্ঠান, চামড়াজাত পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, খেলনা প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান, আসবাবপত্র উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, তথ্য প্রযুক্তি শিল্প প্রতিষ্ঠান, ফার্মাসিউটিক্যালস উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প (যে কোন মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স মেশিনারী অথবা উহার যন্ত্রাংশ উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠান), সিরামিক বা সিরামিক দ্রব্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, মেলামাইন দ্রব্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, প্লাস্টিক দ্রব্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, সেনিটারীওয়্যার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, আয়রণ আকরিক থেকে স্টীল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, এমএস রড উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, সিআই সীট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, সার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, কীটনাশক উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, পেস্টিসাইড উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, কম্পিউটার হার্ডওয়্যার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, পেট্রো-কেমিক্যাল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, কৃষি যন্ত্রপাতি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, বয়লার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, ঔষধ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, রাসায়নিক দ্রব্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, ফার্মাসিউটিক্যালসের মৌলিক উপাদান উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, কম্প্রেসার উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠান, জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠান, ডায়মন্ড কাটিং এ নিয়োজিত শিল্প প্রতিষ্ঠান, চিংড়ি প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠান, দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠান, এ্যাকুমুলেটর ও ব্যাটারী

উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, ট্যুর অপারেটরস সেবা প্রদানকারী শিল্প প্রতিষ্ঠান, এনার্জি সেভিংস বাল্ব প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান, পরিত্যক্ত বর্জ্য হইতে বিভিন্ন পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠান, পাটজাত পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠান, পরিবেশ বান্ধব হিসাবে রি-সাইক্লিং শিল্প প্রতিষ্ঠান, ভেষজ ঔষধ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, বেসিক কেমিক্যালস উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, রং উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, কসমেটিকস ও টয়লেট্রিজ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, পর্যটন শিল্প, ফুটওয়্যার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, এমএস বিলেট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান অথবা সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন শিল্প প্রতিষ্ঠান;

(গ) উপরি-উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের অর্জিত আয়ের উপর ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলা ব্যতীত) এর জন্য ১ম ও ২য় বৎসরে ৫%, ৩য় ও ৪র্থ বৎসরে ১০% এবং ৫ম বৎসরে ১৫% হারে আয়কর এবং রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের জন্য ১ম, ২য় ও ৩য় বৎসরে ৫%, ৪র্থ, ৫ম এবং ৬ষ্ঠ বৎসরে ১০% হারে এবং ৭ম বৎসরে ১৫% হারে আয়কর প্রযোজ্য হইবে;

(ঘ) উপরি-উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ বিদ্যমান ব্যবসার পুনর্গঠন বা এইরূপ ব্যবসার বিভাজন দ্বারা গঠিত শিল্প প্রতিষ্ঠান অথবা বাংলাদেশে বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠান হইতে মেশিনারি অথবা স্থাপনা স্থানান্তরের মাধ্যমে গঠিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠান উহার অন্তর্ভুক্ত হইবে না;

(ঙ) উপরি-উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ বিদ্যমান কোন শিল্পের সম্প্রসারিত ইউনিট হইবে না;

(চ) উপরি-উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ Income-tax Ordinance, 1984 এর section 46B এর বিধান অনুযায়ী কর অবকাশ (tax holiday) প্রাপ্য হইবে না;

(ছ) উপরি-উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ Income-tax Ordinance, 1984 এর THE THIRD SCHEDULE এর paragraph 7 অনুযায়ী ত্বরায়িত অবচয় ভাতা (accelerated depreciation allowance) সুবিধা প্রাপ্য হইবে না; এবং

(জ) উপরি-উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহকে প্রত্যেক আয় বৎসরের জন্য সংবিধিবদ্ধ সময়ের মধ্যে সংশ্লিষ্ট সার্কেলে নিরীক্ষিত হিসাব বিবরণী সহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ২০০৯ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.btr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(পারসা বেগম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/ ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ রহিত করিল, যথা:-

(ক) S.R.O 440-L/76 dated 18th December, 1976;

(খ) S.R.O 9-L/77 dated 7th January, 1977;

(গ) S.R.O 222-L/78 dated 12th August, 1978;

(ঘ) S.R.O 130-L/79 dated 15th May, 1979;

(ঙ) S.R.O 160-L/81 dated 25th May, 1981;

(চ) S.R.O 159-L/83 dated 12th May, 1983;

(ছ) S.R.O 389-L/83 dated 23rd October, 1983;

(জ) S.R.O 405-L/85 dated 10th September, 1985;

(ঝ) এস,আর,ও নং ১৬৮-আইন/৯৭, তারিখ, ২২ শে আষাঢ়, ১৪০৪ বাং/৬ই জুলাই, ১৯৯৭ ইং;

(ঞ) এস,আর,ও নং ১৮৭-আইন/৯৯, তারিখ, ১৭ই আষাঢ় ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং;

(ট) এস,আর,ও নং ৩২২-আইন/২০০১, তারিখ, ২৫ অগ্রহায়ণ, ১৪০৮/৯ ডিসেম্বর, ২০০১ ইং;

(ঠ) এস,আর,ও নং ৩৪৩-আইন/২০০৫, তারিখ, ১৫ পৌষ ১৪১২/২৯ ডিসেম্বর ২০০৫;

(ড) এস,আর,ও নং ২৬৮-আইন/২০০৬, তারিখ, ০৩ কার্তিক ১৪১৩/১৮ অক্টোবর ২০০৬;

(ঢ) এস,আর,ও নং ৯৪-আইন/আয়কর/২০০৮, তারিখ, ০২ বৈশাখ ১৪১৫ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ;

(ণ) এস,আর,ও নং ১৭২-আইন/আয়কর/২০০৯, তারিখ, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ; এবং

(ত) এস,আর,ও নং ৩৪১-আইন/আয়কর/২০১০, তারিখ, ২৫ আশ্বিন ১৪১৭ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)